

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৭০

পবিত্রতা (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ২০. শৌচ করা

بَابٌ فِي الاسْتِنْجَاءِ

## আরবী

ثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي شَيْبَةَ ، نَا مُحَمَّدُ بْنُ مَسْعَدَةَ ، نَا مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ ، أَخْبَرَنِي عُثْبَةُ بْنُ أَبِي حَكِيمٍ ، عَنْ طَلْحَةَ بْنِ نَافِعٍ ، أَنَّهُ حَدَّثَهُ : حَدَّثَنِي أَبُو أَيُّوبَ ، وَجَابِرُ بْنُ عَبْدِ عُثْبَةُ بْنُ أَبِي حَكِيمٍ ، عَنْ طَلْحَةَ بْنِ نَافِعٍ ، أَنَّهُ حَدَّثَهُ : حَدَّثَنِي أَبُو أَيُّوبَ ، وَجَالِرُ بْنُ عَبْدِ اللَّهِ ، وَأَنَسُ بْنُ مَالِكِ الْأَنْصَارِيُّونَ ، عَنْ رَسُولِ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ فِي هَذِهِ الْآيَةِ : ( فِيهِ رِجَالٌ يُحِبُّونَ أَنْ يَتَطَهَّرُوا وَاللَّهُ يُحِبُّ الْمُطَّهِرِينَ ) ، فَقَالَ : " يَا مَعْشَرَ الْأَنْصَارِ ، إِنَّ اللَّهَ تَعَالَى قَدْ أَثْنَى عَلَيْكُمْ خَيْرًا فِي الطُّهُورِ ، فَمَا طُهُورُكُمْ هَذَا ؟ " . قَالُوا الْأَنْصَارِ ، إِنَّ اللَّهَ تَعَالَى قَدْ أَثْنَى عَلَيْكُمْ خَيْرًا فِي الطُّهُورِ ، فَمَا طُهُورُكُمْ هَذَا ؟ " . قَالُوا : يَا رَسُولَ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْكُمْ مَعَ ذَلِكَ مِنْ غَيْرِهِ ؟ " . قَالُوا : لَا غَيْرَ أَنَّ أَحَدَنَا إِذَا خَرَجَ مِنَ عَيْرِهِ ؟ " . قَالُوا : لَا غَيْرَ أَنَّ أَحَدَنَا إِذَا خَرَجَ مِنَ عَيْرِهِ ؟ " . قَالُوا : لَا غَيْرَ أَنْ اللَّهُ بُنُ أَبِي حَكِيمٍ الْفَائِطِ أَحَبَّ أَنْ يَسْتَنْجِيَ بِالْمَاءِ ، فَقَالَ : " هُو ذَاكَ فَعَلَيْكُمُوهُ " . عُتْبَةُ بْنُ أَبِي حَكِيمٍ لَيْسَ بِقَوِيٍ

## বাংলা

১৭০(২). আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে আবু শায়বা (রহঃ) ... আনসার সম্প্রদায়ভুক্ত আবু আইয়ুব, জাবের ইবনে আবদুল্লাহ ও আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম নিম্নোক্ত আয়াত"তথায় এমন লোক আছে যারা পবিত্রতা অর্জন ভালবাসে এবং আল্লাহ পবিত্রতা অর্জনকারীদের ভালবাসেন" (সুরা তাওবাঃ ১০৮) সম্পর্কে বলেন, হে আনসার সমাজ! নিশ্চয়ই আল্লাহ পবিত্রতার বিষয়ে তোমাদের প্রশংসা করেছেন। অতএব তোমাদের এই পবিত্রতা অর্জনের উপকরণ কি? তারা বলেন, ইয়া রাসূলাল্লাহ! আমরা নামাযের জন্য উযু করি এবং সহবাসজনিত কারণে অপবিত্র হলে গোসল করি।রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এর সঙ্গে অন্য আরো কিছু আছে কি? তারা বলেন, না, তবে আমাদের যে কেউ পায়খানা সেরে পানি দিয়ে শৌচ করা পছন্দ করে। তিনি বলেন, তা এজন্যই। অতএব তোমরা এরূপই করতে থাকো।

উতবা ইবনে আবু হাকীম তেমন শক্তিশালী রাবী নন।



## হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন